২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে Online এ ভর্তির খসড়া প্রস্তাব

১। Full Automation :

যে সকল কলেজে বোর্ড কর্তৃক অনুমোদিত ৫০০ বা ৫০০ এর অধিক আসন বিদ্যমান এবং যে সকল (সরকারি ও বেসরকারি) কলেজ Full Automation এর মাধ্যমে ভর্তি কার্যক্রমে অংশ নিতে চায় সে সকল কলেজ বোর্ডেকে অবহিত করবে।

Full Automation এর ক্ষেত্রে কার্যক্রম :

(ক) SMS এর মাধ্যমে শিক্ষার্থী কলেজের নাম দিয়ে (নির্দিষ্ট ফরম্যাট অনুযায়ী) যে কোন মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি জমাসহ আবেদন (SMS) করবে। এ প্রক্রিয়ায় একজন শিক্ষার্থী একাধিক কলেজে আবেদন করতে পারবে।

(খ) GPA এর ভিত্তিতে শিক্ষার্থীদের মেধা অনুযায়ী তালিকা প্রস্তুত করা হবে। শিক্ষার্থীগণকে SMS এর মাধ্যমে যে সকল কলেজে আবেদন করেছিল সবগুলোতে তার ফলাফল বা অবস্থান জানানো হবে।

(গ) কলেজসমূহকে বোর্ড কর্তৃক অনুমোদিত আসনের সমপরিমাণ শিক্ষার্থীর মেধা তালিকা এবং অপেক্ষমান তালিকা উভয়ই প্রদান করা হবে।

(ঘ) তখন শিক্ষার্থীগণ নির্ধারিত কলেজের বিপরীতে Online-এ ভর্তি ফরম পূরণ করলে উক্ত কলেজে তার ভর্তির কার্যক্রম সম্পন্ন হবে। এক্ষেত্রে ঐ শিক্ষার্থীর অন্য কোন কলেজে অপেক্ষমান তালিকা থেকে ভর্তির ইচ্ছা থাকলে সেটিও Online-এ জানাতে পারবে। চাহিত কলেজে আসন শূণ্য থাকা সাপেক্ষে ভর্তির সুযোগ তৈরি হলে তাকে ঐ কলেজে ভর্তির কার্যক্রম সম্পন্ন হবে এবং ১ম কলেজে ভর্তি বাতিল হবে এটিও SMS এর মাধ্যমে শিক্ষার্থীকে জানানো হবে।

(ঙ) সামগ্রিক এই প্রক্রিয়াটি কলেজ কর্তৃপক্ষ Online-এ দেখতে পারবে।

(ছ) শিক্ষার্থী ক্লাস শুরুর পূর্বে অথবা পরে নির্ধারিত সময়ের মধ্যে কলেজে উপস্থিত হয়ে বোর্ডের রেজি: ফি এবং অন্যান্য যাবতীয় ফি প্রদান পূর্বক ভর্তির চূড়ান্ত কার্যক্রম সম্পন্ন করবে।

২। Ranking :

যে সকল কলেজে আসন সংখ্যা ৫০০ বা ৫০০ এর অধিক এবং Full Automation এর মাধ্যমে ভর্তি কার্যক্রমে অংশ নিতে চায় না সে সকল কলেজকে অবশ্যই Ranking এর আওতায় আসতে হবে এবং বোর্ডেকে অবহিত করতে হবে।

Ranking এর কার্যক্রম :

(ক) SMS এর মাধ্যমে শিক্ষার্থীরা কলেজের নাম দিয়ে (নির্দিষ্ট ফরম্যাট অনুযায়ী) যে কোন মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি জমাসহ আবেদন (SMS) করবে। এ প্রক্রিয়ায় একজন শিক্ষার্থী একাধিক কলেজে আবেদন করতে পারবে।

(খ) শিক্ষার্থীদের GPA এর ভিত্তিতে সকল শিক্ষার্থীর মেধাক্রম তৈরি করে তাদেরকে SMS এর মাধ্যমে জানানো হবে এবং কলেজকে সকল শিক্ষার্থীর মেধাক্রম প্রদান করা হবে।

(গ) কলেজসমূহ মেধাক্রমের ভিত্তিতে বোর্ড রেজিস্ট্রেশন ফি এবং কলেজ ফি গ্রহণ পূর্বক বিগত বছরের ন্যায় বোর্ড কর্তৃক অনুমোদিত আসনে শিক্ষার্থী ভর্তি করবে।

৩। Ranking এবং Full Automation এর আওতার বাইরের কলেজে ভর্তি :

অন্যান্য কলেজসমূহ বিগত বছরের ন্যায় সাধারণ নিয়মে বোর্ডের রেজিস্ট্রেশন ফি ও কলেজ ফি সমূহ গ্রহণ পূর্বক বোর্ডের অনুমোদিত আসনের বিপরীতে শিক্ষার্থী ভর্তি করবে।

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

বাংলাদেশ আন্তঃশিক্ষাবোর্ড

২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online ভর্তি সংক্রান্ত পূর্ণাংগ অটোমেশন

প্রস্তাবিত Smart Admission system (SAS) এর লক্ষ্য ও উদ্দেশ্য

- ✓ একাদশ শ্রেণিতে ভর্তিতে ভোগান্তি দূর করার লক্ষে একটি SMART Solution দরকার; যার মাধ্যমে ছাত্র-ছাত্রী-অবিভাবকদের বিভিন্ন কলেজে ভর্তির জন্য দৌড়াদৌড়ি করার প্রয়োজন হবে না।
- ✓ **এমন ধরণের SMART Solution করা হবে যার মাধ্যমে ছাত্র-ছাত্রী শুধু ক্লাস শুরু হলে কলেজে যাবে, তার পূর্বে কলেজে যাওয়ার প্রয়োজন হবে না। ফলে শিক্ষার্থী-শিক্ষক-অবিভাবক সবার মাঝে কলেজে ভর্তি একটা শৃঙ্খলা ফিরে আসবে।**
- ✓ ঘরে বসেই **যেকোনো অপারেটরের মোবাইলে Mobile Application – এর** (ইতোপূর্বে শুধু টেলিটকের মাধ্যমে আবেদন করতে পারত) মাধ্যমে ভর্তির আবেদন করতে পারবে এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে **ফি** জমা দিতে পারবে। একাজ সহজতর করার জন্য BTRC থেকে বোর্ডের নামে জরুরিভিত্তিতে একটি **ShortCode** নেয়া প্রয়োজন।
  - ➢ ইতোপূর্বে টেলিটক শুধু আবেদনের জন্য ১২০/- টাকা ভর্তির আবেদন ফি থেকে ১২/- টাকা কেটে রাখতো; মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে **ফি** জমার বাবস্থা নেয়া হলে কমপক্ষে ১০/- টাকা সাশ্রয় হবে যা দিয়ে **Smart Admission system** ডেভেলপ করা সম্ভব হবে ।
  - ➢ এ বছর সময়ের অভাবে চালু করা না গেলেও পরবর্তী বছর থেকে ভর্তির আবেদন **Online Application** -এর মাধ্যমে একাধিক কলেজে Priority ভিত্তিতে আবেদন করার বাবস্থা করা যেতে পারে।
- ✓ ভর্তি নীতিমালা অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে কোটাসহ মেধাভিত্তিক e-RANK লিস্ট এমনভাবে তৈরি করে ওয়েবসাইটে দেয়া হবে যাতে ছাত্র-ছাত্রী-অবিভাবকগণ খুব সহজেই ঘরে বসে

Smart Selection এর মাধ্যমে কাংখিত কলেজে মেধার ভিত্তিতে ভর্তি হতে পারবে এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কলেজভিত্তিক **ভর্তি ফি** জমা দিতে পারবে।

✓ এ পদ্ধতি গ্রহণ করা হলে একসাথেই ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন True-Online করা সম্ভব হবে।

ভর্তি সংক্রান্ত কিছু নির্দেশনা প্রয়োজন --

- পূর্ববর্তী বছরে যে কলেজগুলো ভর্তির আওতায় ছিল (৫০০ বা তদূর্ধ্ব সীট সংখ্যার কলেজ এবং সরকারি সকল কলেজ) এবং যে Criteria ছিল সেগুলো নতুন এ পদ্ধতির আওতায় থাকবে; তাছাড়া নতুন কিছু কলেজ যোগ করা যেতে পারে। **এক্ষেত্রে ৪০০ বা তদূর্ধ্ব আসন বিশিষ্ট কলেজগুলো এ সিস্টেমের আওতায় আনা যেতে পারে।**
- উপরোক্ত Criteria র অন্তর্গত তালিকাভুক্ত কলেজগুলো Full Smart Admission (Full Automation) এর মাধ্যমে এবছর ভর্তি কার্যক্রম করা যেতে পারে পাশাপাশি True-Online Registration এর কার্যক্রম করা যেতে পারে।
- নতুন পূর্ণাঙ্গ সিস্টেম ডেভেলপমেন্টের জন্য ভর্তির আবেদন ফি থেকে কলেজকে যে ১০২/- টাকা দেয়া হতো তা থেকে ১০ টাকা কেটে রাখা যেতে পারে। (মূলতঃ এ সিস্টেম চালু হলে কলেজগুলোর তেমন কোন কাজ থাকবে না।)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রনালয়
শাখা-৬ (কলেজ-১)

কার্যপত্র

২০১৪-১৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির নীতিমালা ২০১৪ তে নিম্নরুপ পরিবর্তন এনে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির নীতিমালা-২০১৫ প্রনয়ণ করা যায়

অনুঃ	২০১৪-১৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির নীতিমালা ২০১৪	পরিবর্তন	মন্তব্য
১।	**সংজ্ঞা : এই নীতিমালায়-** ১.১ 'বোর্ড' বলতে স্বীকৃত কোন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বুঝাবে; ১.২ 'কলেজ' বলতে দেশের কোন বোর্ড হতে উচ্চমাধ্যমিক স্তরে পাঠদানের জন্য অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে; ১.৩ 'নির্ধারিত ফরম' বলতে ভর্তির জন্য কলেজ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম বুঝাবে; ১.৪ 'শিক্ষার্থী'/'প্রার্থী' বলতে ছাত্র ও ছাত্রী উভয়কে বুঝাবে।	কোন পরিবর্তন আনার প্রয়োজন নাই।	
২।	**ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচন ঃ-** ২.১ ২০১২, ২০১৩ ও ২০১৪ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ শিক্ষাবর্ষে ২০১৪-১৫ এই নীতিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে। ২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে। ২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে, যথা ঃ (ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি ; (খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং (গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।	অনুঃ- ২.১ এর ১ম লাইনে ২০১২,২০১৩ ও ২০১৪ এর পরিবর্তে ২০১৩, ২০১৪ ও ২০১৫ এবং ৪র্থ লাইনে ২০১৪-১৫ এর পরিবর্তে ২০১৫-১৬ প্রতিস্থাপিত হবে।	
৩।	**প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি ঃ-** ৩.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এসএসসি বা সমমান পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি করা হবে। ৩.২ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর বিভাগীয় সদরের কলেজসমূহে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের ৯০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট ১০% আসনের মধ্যে ৩% উল্লিখিত বিভাগীয় সদরের বাইরের (যে কোন অঞ্চলের জন্য) শিক্ষার্থীদের জন্য, ৫% মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের জন্য এবং অবশিষ্ট ২% শিক্ষা মন্ত্রণালয়, এর অধস্তন দপ্তরসমূহ এবং স্ব স্ব প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটায় ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। ৩.৩ বিভাগীয় শহর ব্যতীত অন্যান্য জেলা শহরের কলেজগুলোতে ৯০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট ১০% আসনের মধ্যে ৩% জেলা সদরের বাইরের (যে কোন অঞ্চলের জন্য) শিক্ষার্থীদের জন্য, অবশিষ্ট ৫% মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের জন্য এবং অবশিষ্ট ২% শিক্ষা মন্ত্রণালয়, এর অধস্তন দপ্তরসমূহ এবং স্ব স্ব প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটায় ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধা সন্তান/ সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ভর্তির সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে দাখিল করতে হবে।	অনুঃ- ৩.১ থেকে ৩.৪ অপরিবর্তিত থাকবে। (তবে ঢাকা শিক্ষা বোর্ডের জন্য নটরডেম কলেজ, হলিক্রস কলেজ, সেন্ট যোসেফ কলেজ এর ভর্তির বিষয়ে গত শিক্ষাবর্ষ থেকে কোন পরিবর্তন আনা হবে কি না আলোচনা করা যেতে পারে।)	

	৩.৪ দফা (৩.২) ও (৩.৩) এ উল্লিখিত ৯০% আসনে বিভাগীয় বা জেলা শহরের বাইরের কোন শিক্ষার্থী নির্বাচিত হওয়ার ক্ষেত্রে কোন বাধা থাকবে না এবং উক্ত নির্বাচন বিভাগীয় বা জেলা শহরের বাইরের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সংরক্ষিত আসনকে প্রভাবিত করবে না। ৩.৫ (ক) GPA-৫ প্রাপ্ত শিক্ষার্থীর ক্ষেত্রে সকল বিষয়ের উপর সর্বোচ্চ ৪৩ গ্রেড পয়েন্ট ধরে প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করতে হবে (০৯ বিষয়ের প্রতি বিষয়ে গ্রেড পয়েন্ট ৫ হিসেবে ৯ × ৫ = ৪৫ পয়েন্ট হওয়ার কথা। কিন্তু চতুর্থ বিষয়ে ২ পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ পয়েন্ট ৪৫ উল্লেখ করা হয়েছে)। (খ) বিজ্ঞান বিভাগে ভর্তির ক্ষেত্রে সমান জিপিএ প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে সাধারণ গণিত অথবা উচ্চতর গণিত/জীববিজ্ঞানে প্রাপ্ত জিপিএ বিবেচনায় আনতে হবে। (গ) দফা (খ) এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞানে অর্জিত পয়েন্ট বিবেচনায় আনতে হবে। (ঘ) মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ক্ষেত্রে সমান পয়েন্ট অর্জনের বিষয়টি নিষ্পত্তির লক্ষে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে অর্জিত পয়েন্ট বিবেচনায় আনতে হবে। (ঙ) এক বিভাগের প্রার্থী অন্য বিভাগে ভর্তির ক্ষেত্রে মোট গ্রেড পয়েন্ট একই হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে অর্জিত পয়েন্ট বিবেচনায় আনতে হবে। (চ) দফা (ক) থেকে (ঙ) এর আলোকে মেধাক্রম নির্ধারণ না করা গেলে বর্ণিত একই নিয়মে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বোর্ড বিষয়টি নিষ্পত্তি করবে।	অনুঃ- ৩.৫ (ক) এর ১ম লাইনে ৪৩ গ্রেড পয়েন্ট এর স্থলে ৪৮, ২য় লাইনে ৯ টি বিষয়ের ক্ষেত্রে ১০ টি বিষয় ধরে ১০×৫= ৫০ এবং শেষ লাইনে ৪৮ প্রতিস্থাপিত হবে। অনুঃ- ৩.৫ (খ) থেকে ৩.৫ (চ) ও ৩.৬ থেকে ৩.১০ পর্যন্ত অপরিবর্তিত থাকতে পারে।	
	৩.৬ <u>এ নীতিমালায় যা কিছুই থাকুক না কেন স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ স্ব স্ব বিভাগে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। প্রতিষ্ঠানের নিজস্ব শিক্ষর্থীদের স্ব স্ব বিভাগে ভর্তি নিশ্চিত করেই কেবল অবশিষ্ট শূন্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩ এর উপবিধান (৩.২) ও (৩.৩) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে। তবে এ সকল প্রতিষ্ঠানের সকল ভর্তিই অনলাইনে হবে।</u> ৩.৭ নারী শিক্ষার সম্প্রসারণে প্রত্যন্ত/অনগ্রসর অঞ্চলে সহশিক্ষার কলেজে প্রয়োজনে ছাত্রীদের জন্য ১০% কোটা সংরক্ষণ করা যাবে। ৩.৮ কারিগরি শিক্ষার ডিপ্লোমা কোর্সসমূহে ভর্তির ক্ষেত্রে লিখিত পরীক্ষা (৫০% নম্বর) ও জিপিএ (৫০%) ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। ৩.৯ কলেজ কর্তৃপক্ষকে তাদের ভর্তি সংক্রান্ত সকল তথ্য ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। ৩.১০ সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে স্ব স্ব প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা একই দিনে (দফা ৬ এর গ'তে বর্ণিত) প্রকাশ করতে হবে। কোন প্রতিষ্ঠান মন্ত্রণালয় নির্ধারিত তারিখের বাইরে নিজ ইচ্ছামাফিক ভর্তি কার্যক্রম শুরু করতে পারবে না		
৪।	**অন লাইনে ভর্তি ঃ-** ৩০০ জনের বেশি শিক্ষার্থী ভর্তি করানোর অনুমতি আছে এমন সকল প্রতিষ্ঠানে বোর্ড সমূহ অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা নিবে। তবে ৫০০ জনের বেশি হলে অবশ্যই অনলাইনে ভর্তির ব্যবস্থা করতে হবে।	অনুঃ- ৪ এ অনলাইনে ভর্তির বিষয়ে প্রদত্ত প্রস্তাবের আলোকে আলোচনা সাপেক্ষে নীতিমালা প্রণয়ন করা যেতে পারে। (প্রস্তাব আলাদা কাগজে সংযুক্ত।)	
৫।	**বিজ্ঞপ্তি, ভর্তি ও ফি ঃ-** ৫.১ অনুচ্ছেদ ৮.২ অনুসরণপূর্বক কলেজসমূহ বোর্ড কর্তৃক নির্ধারিত আসন সংখ্যা (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায়) ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করবে। বোর্ডের পূর্বানুমতি ব্যতিত নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। বোর্ডসমূহ স্ব অধিক্ষেত্রে অবস্থিত কলেজসমূহে এই বিধানের ব্যত্যয় রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	৫.১, ৫.২, ৫.৪, ৫.৫ এবং ৫.৭ এর কোন পরিবর্তন আনার প্রয়োজন নেই। অতঃপর অনুঃ- ৫.৬, ৫.৮ ও ৫.৯ এর ফি নির্ধারন ও আদায়ের পদ্ধতিগত বিষয়ে আলোচনা করা	

৫.২ বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসহ অনুমোদিত অন্যান্য সকল ফি, আসন সংখ্যা, ভর্তির যোগ্যতা ইত্যাদি উল্লেখ করে কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কলেজের নোটিস বোর্ডসহ বিজ্ঞপ্তি যথাযথভাবে প্রচারের মাধ্যমে ভর্তির জন্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র অথবা এসএমএস আহবান করবে।

৫.৩ ব্যতিক্রমী ক্ষেত্রে, কোন কলেজে ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করতে পারবে।

৫.৪ আবেদনপত্র/এসএমএস প্রাপ্তির পর কোন কলেজ এ নীতিমালা অনুযায়ী তার আসন সংখ্যার সমান সংখ্যক ভর্তিযোগ্য প্রার্থীদের একটি মেধাক্রম তালিকা এবং মোট আসন সংখ্যার ন্যূনতম ২৫% অপেক্ষমান মেধাক্রম তালিকা কলেজের নোটিস বোর্ড ও সংশ্লিষ্ট কলেজের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করতে হবে। মোট আসনে নির্বাচিত কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হলে কিংবা ভর্তির জন্য নির্ধারিত সময়ের মধ্যে অন্য কোন কারণে কোন আসন শূন্য হলে, উক্ত অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসারে শূন্য আসনে ভর্তি করতে হবে।

৫.৫ ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী এসএসসি বা সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র দাখিল করতে হবে।

যেতে পারে।
অনলাইনে ভর্তির নীতিমালা প্রণয়নের সিদ্ধান্ত নেয়ার পর অনুঃ- ৫.৩ ও ৫.৫ এর বিষয় নির্ধারিত হবে।

৫.৬ ভর্তিচ্ছুক প্রার্থীগণের নিকট হতে ভর্তির জন্য আবেদন ফরমের মূল্য এবং ভর্তি ব্যবস্থাপনা ব্যয় নির্বাহের জন্য ১২০.০০(একশত বিশ) টাকা নগদে অথবা এসএমএস-এর ক্ষেত্রে টেলিটকের সিমের ব্যালেন্স থেকে কর্তন করে গ্রহণ করা যাবে। এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত অর্থের ১০% টেলিটক, ৫% সংশ্লিষ্ট বোর্ড এবং অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পাবে।

৫.৭ কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে।

৫.৮ শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তির সময় বোর্ড কর্তৃক নিম্নোক্ত অনুমোদিত ফি গ্রহণ করতে হবে, যথা ঃ

ক্রমিক	বিবরণ	পরিমাণ
১.	রেজিস্ট্রেশন ফি	১২০.০০
২.	ক্রীড়া ফি	৩০.০০
৩.	রোভার /রেঞ্জার ফি	১৫.০০
৪.	রেড ক্রিসেন্ট ফি	২০.০০
৫.	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	৭.০০
৬.	বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতিষ্ঠান প্রতি)	২০০.০০

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে, বিলম্বে ভর্তি হলে এবং শাখা/বিষয় পরিবর্তন করলে তার নিকট হতে উপরিউক্ত ফি-এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করা যাবে, যথা ঃ

ক্রমিক	বিবরণ	পরিমাণ
১.	পাঠ বিরতি ফি	১০০.০০
২.	বিলম্ব ভর্তি ফি	৫০.০০
৩.	শাখা/বিষয় পরিবর্তন ফি	২৫.০০

৫.৯ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা জমাদানের সময় প্রত্যেক প্রতিষ্ঠান বোর্ড কর্তৃক নির্ধারিত উপরোল্লিখিত ফি এর বিবরণীর সাথে প্রতিষ্ঠান কর্তৃক খাত ওয়ারী গৃহীত অন্যান্য ফি'র বিবরণী আলাদাভাবে জমা দিতে হবে।

৬। **ভর্তি, ক্লাস শুরু, শাখা/বিষয় পরিবর্তন ঃ-** ২০১৪-১৫__শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে ঃ

ক্রমিক	বিষয়	তারিখ
ক.	ভর্তির আবেদনপত্র/ এসএমএস গ্রহণের	২০/০৫/২০১৪

ভর্তি, ক্লাস শুরু, শাখা/বিষয় পরিবর্তন ঃ- ২০১৫-১৬__শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করা যেতে পারে ঃ
ক. ০৬/০৬/২০১৫ থেকে

		তারিখ	থেকে ০৮/০৬/২০১৪	১৮/০৬/২০১৫	
	খ.	পুন:নিরীক্ষণের ক্ষেত্রে যাদের ফল পরিবর্তন হবে তাদের জন্য ভর্তির আবেদনপত্র/ এসএমএস গ্রহণের শেষ তারিখ	১৭/০৬/২০১৪	খ. ২৩/০৬/২০১৫	
	গ.	ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের তারিখ	২২/০৬/২০১৪	গ. ২৫/০৬/২০১৫	
	ঘ.	বিলম্ব ফি ছাড়া ভর্তি ও ফি জমার শেষ তারিখ	৩০/০৬/২০১৪	ঘ. ৩০/০৬/২০১৫	
	ঙ.	ক্লাস শুরু করার তারিখ	০১/০৭/২০১৪	ঙ. ০১/০৭/২০১৫	
	চ.	বিলম্ব ফিসহ ভর্তি ও ফি জমার শেষ তারিখ	২২/০৭/২০১৪	চ. ২৬/০৭/২০১৫	
	ছ.	ভর্তিকৃত শিক্ষার্থীগণের একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা দেয়ার তারিখ	০৩/০৮/২০১৪ থেকে ০৭/০৮/২০১৪	ছ. ০৯/০৮/২০১৫ থেকে ১৩/০৮/২০১৫	
	জ.	ব্যবহারিক ক্লাস শুরু করার তারিখ	২৭/০৭/২০১৪	জ. ০১/০৮/২০১৫	
	ঝ.	শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর শাখা/বিষয় পরিবর্তনের ডিডি করার শেষ তারিখ	০৭/০৯/২০১৪	ঝ. ১০/০৯/২০১৫	
	ঞ.	শাখা/বিষয় পরিবর্তনকারী শিক্ষার্থীর ডিডিসহ তালিকা বোর্ডে প্রেরণের শেষ তারিখ	১৪/০৯/২০১৪	ঞ. ১৭/০৯/২০১৫	
	ট.	পূরণকৃত eSIF submission এর তারিখ	২১/০৯/২০১৪ থেকে ২০/১০/২০১৪	ট. ২৭/০৯/২০১৫ থেকে ২৬/১০/২০১৫	
৭।	**কলেজ পরিবর্তন ঃ-** ৭.১ যদি কোন শিক্ষার্থী অনুচ্ছেদ ৩ এর বিধানমতে কোন কলেজে ভর্তি হওয়া সত্ত্বেও একই শিক্ষাবর্ষে অনুচ্ছেদ ৬ ক্রমিক (ছ) অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত বিলম্ব ফিসহ ভর্তির শেষ তারিখের মধ্যে অন্য কোন কলেজে ভর্তির সুযোগ পান এবং উক্ত অন্য কলেজে ভর্তি হতে ইচ্ছুক হন, তাহলে উক্ত শিক্ষার্থী তার অভিভাবকের সম্মতিসহ সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি বাতিল করার জন্য আবেদন জানাতে পারবেন। উল্লিখিতরূপে আবেদন করা হলে সংশ্লিষ্ট কলেজ তার ভর্তি বাতিল পূর্বক জমাকৃত তার মূল একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট/নম্বরপত্র ফেরত দিবে (এ ক্ষেত্রে বোর্ডের অনুমতির প্রয়োজন নেই)। ৭.২ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণীতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না। তবে শুধুমাত্র সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবী পিতা বা মাতার বদলীজনিত কারণে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলীর আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরীজীবীর সন্তানকে বদলীকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজ-পত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড জমা দিতে হবে। ৭.৩ কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট উক্ত শিক্ষার্থী বা তার অভিভাবক বা তাদের অভিভাবক যে কোন একজনের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি বা শিক্ষা প্রতিষ্ঠানে হস্তান্তর করবে না বা অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট আটক রাখতে পারবে না।		পরিবর্তন প্রয়োজন নাই।	
৮।	**অনুমতি বা স্বীকৃতিবিহীন কলেজে ভর্তি নিষিদ্ধ ঃ-** ৮.১ পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন কোন কলেজে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না। সকল বোর্ড এক্ষেত্রে সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রদান করবে। ৮.২ পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন কলেজে অননুমোদিত শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।		পরিবর্তন প্রয়োজন নাই।	

৯।	**নীতিমালার প্রবর্তন ও প্রয়োগ ঃ-** ৯.১ দেশের সকল সরকারী ও বেসরকারি কলেজে ২০১৪-১৫_শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে। ৯.২ এই নীতিমালায় যা কিছুই থাকুক না কেন অনুচ্ছেদ ২এর দফা (২.১) এবং অনুচ্ছেদ ৩ এর দফা (৩.২), (৩.৩) ও (৩.৪) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে না এবং প্রযোজ্য ক্ষেত্রে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ভিন্ন নির্দেশনা জারি করা হবে। ৯.৩ এই নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এম.পি.ও ভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।	২০১৪-১৫ এর পরিবর্তে ২০১৫-১৬ প্রতিস্থাপিত হবে।	

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

২০১৪-১৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা - ২০১৪

নং - ২২৭/ক/শিম/২০১২/১২৬ তারিখ ঃ ১৮.০৫.২০১৪ খ্রি.

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাভুক্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং কলেজসমূহে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮.০৫.২০১৪ তারিখে শাঃ ৬/১৩ বিবিধ-২৮/২০০৭/৩৩৭-শিক্ষা নং পত্রে জারিকৃত একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা ২০১৪ অনুসরণ করতে হবে।

১। সংজ্ঞা : এই নীতিমালায়-

১.১ 'বোর্ড' বলতে স্বীকৃত কোন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বুঝাবে;

১.২ 'কলেজ' বলতে দেশের কোন বোর্ড হতে উচ্চমাধ্যমিক স্তরে পাঠদানের জন্য অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে;

১.৩ 'নির্ধারিত ফরম' বলতে ভর্তির জন্য কলেজ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম বুঝাবে;

১.৪ 'শিক্ষার্থী'/'প্রার্থী' বলতে ছাত্র ও ছাত্রী উভয়কে বুঝাবে।

২। ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচন ঃ-

২.১ ২০১২, ২০১৩ ও ২০১৪ সালে দেশের যে-কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এই নীতিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে, যথা ঃ

(ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি ;
(খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং
(গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

৩। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি ঃ-

৩.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এসএসসি বা সমমান পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

৩.২ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর বিভাগীয় সদরের কলেজসমূহে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের ৯০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট ১০% আসনের মধ্যে ৩% উল্লিখিত বিভাগীয় সদরের বাইরের (যে কোন অঞ্চলের জন্য) শিক্ষার্থীদের জন্য, ৫% মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের জন্য এবং অবশিষ্ট ২% শিক্ষা মন্ত্রণালয়, এর অধস্তন দপ্তরসমূহ এবং স্ব স্ব প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটায় ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৩.৩ বিভাগীয় শহর ব্যতীত অন্যান্য জেলা শহরের কলেজগুলোতে ৯০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট ১০% আসনের মধ্যে ৩% জেলা সদরের বাইরের (যে কোন অঞ্চলের জন্য) শিক্ষার্থীদের জন্য, অবশিষ্ট ৫% মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের জন্য এবং অবশিষ্ট ২% শিক্ষা মন্ত্রণালয়, এর অধস্তন দপ্তরসমূহ এবং স্ব স্ব প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটায় ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধা সন্তান/ সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ভর্তির সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে দাখিল করতে হবে।

৩.৪ (ক) দফা (৩.২) ও (৩.৩) এ উল্লিখিত ৯০% আসনে বিভাগীয় বা জেলা শহরের বাইরের কোন শিক্ষার্থী নির্বাচিত হওয়ার ক্ষেত্রে কোন বাধা থাকবে না এবং উক্ত নির্বাচন বিভাগীয় বা জেলা শহরের বাইরের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সংরক্ষিত আসনকে প্রভাবিত করবে না।

(খ) ১. নটরডেম কলেজ, ঢাকা ২. হলিক্রশ কলেজ, তেজগাঁও, ঢাকা ৩. সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের ৮০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে, ১০% আসন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব পদ্ধতিতে নির্বাচন করবে এবং অবশিষ্ট ১০% আসনের মধ্যে ৩% ঢাকা বিভাগের বিভাগীয় সদরের বাইরের (যে কোন অঞ্চলের জন্য) শিক্ষার্থীদের জন্য, ৫% মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের জন্য এবং অবশিষ্ট ২% শিক্ষা মন্ত্রণালয়, এর আওতাধীন দপ্তরসমূহ এবং স্ব স্ব প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটায় ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৩.৫ (ক) GPA-৫ প্রাপ্ত শিক্ষার্থীর ক্ষেত্রে সকল বিষয়ের উপর সর্বোচ্চ ৪৩ গ্রেড পয়েন্ট ধরে প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করতে হবে (৯ বিষয়ের প্রতি বিষয়ে গ্রেড পয়েন্ট ৫ হিসেবে ৯ × ৫ = ৪৫ গ্রেড পয়েন্ট হওয়ার কথা। কিন্তু চতুর্থ বিষয়ে ২ গ্রেড পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ গ্রেড পয়েন্ট ৪৩ উল্লেখ করা হয়েছে)।

(খ) বিজ্ঞান বিভাগে ভর্তির ক্ষেত্রে সমান জিপিএ প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে সাধারণ গণিত অথবা উচ্চতর গণিত/জীববিজ্ঞানে প্রাপ্ত জিপি বিবেচনায় আনতে হবে।

(গ) দফা (খ) এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ ও রসায়নে অর্জিত গ্রেড পয়েন্ট বিবেচনায় আনতে হবে।

(ঘ) মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ক্ষেত্রে সমান পয়েন্ট অর্জনের বিষয়টি নিষ্পত্তির লক্ষে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে অর্জিত গ্রেড পয়েন্ট বিবেচনায় আনতে হবে।

(ঙ) এক বিভাগের প্রার্থী অন্য বিভাগে ভর্তির ক্ষেত্রে মোট গ্রেড পয়েন্ট একই হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে অর্জিত গ্রেড পয়েন্ট বিবেচনায় আনতে হবে।

(চ) দফা (ক) থেকে (ঙ) এর আলোকে মেধাক্রম নির্ধারণ না করা গেলে পর্যায়ক্রমে প্রাপ্ত মোট নম্বর ও বর্ণিত একই নিয়মে বিষয়ভিত্তিক প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিষয়টি নিষ্পত্তি হবে।

৩.৬ এ নীতিমালায় যা কিছুই থাকুক না কেন স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ প্রতিষ্ঠান নির্ধারিত যোগ্যতা থাকা সাপেক্ষে স্ব স্ব বিভাগে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। প্রতিষ্ঠানের নিজস্ব শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করেই কেবল অবশিষ্ট শূন্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩ এর উপবিধান (৩.২) ও (৩.৩) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে। তবে এ সকল প্রতিষ্ঠানের সকল ভর্তিই অনলাইনে হবে।

৩.৭ ব্যতিক্রমী ক্ষেত্রে, কোন কলেজে ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করতে পারবে।

৩.৮ নারী শিক্ষার সম্প্রসারণে প্রত্যন্ত/অনগ্রসর অঞ্চলে সহশিক্ষার কলেজে প্রয়োজনে ছাত্রীদের জন্য ১০% কোটা সংরক্ষণ করা যাবে। একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিষয়টি সহৃদয়তার সাথে বিবেচনা করতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৩.৯ কলেজ কর্তৃপক্ষকে তাদের ভর্তি সংক্রান্ত সকল তথ্য প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

৩.১০ সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে স্ব স্ব প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা একই দিনে (দফা ৭ এর গ'তে বর্ণিত) প্রকাশ করতে হবে। কোন প্রতিষ্ঠান মন্ত্রণালয় নির্ধারিত তারিখের বাইরে নিজ ইচ্ছামাফিক ভর্তি কার্যক্রম শুরু করতে পারবে না।

৪। **অন লাইনে ভর্তি ঃ-**

৩০০ জনের বেশি শিক্ষার্থী ভর্তি করানোর অনুমতি আছে এমন সকল প্রতিষ্ঠানে বোর্ডসমূহ অন লাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা নিবে। তবে ৫০০ জনের বেশি হলে অবশ্যই অন লাইনে ভর্তির ব্যবস্থা করতে হবে।

৫। **বিজ্ঞপ্তি, ভর্তি ও ফি ঃ-**

৫.১ অনুচ্ছেদ ৯ অনুসরণপূর্বক কলেজসমূহ বোর্ড কর্তৃক নির্ধারিত আসন সংখ্যা (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায়) ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করবে। বোর্ডের পূর্বানুমতি ব্যতিত নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রতিষ্ঠানসমূহের জন্য অনুমোদিত আসন সংখ্যা বোর্ডের ওয়েবসাইটে College Order এর Circular Option এ দেয়া রয়েছে।

৫.২ বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসহ অনুমোদিত অন্যান্য সকল ফি, আসন সংখ্যা, ভর্তির যোগ্যতা ইত্যাদি উল্লেখ করে কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কলেজের নোটিস বোর্ডসহ বিজ্ঞপ্তি যথাযথভাবে প্রচারের মাধ্যমে ভর্তির জন্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র অথবা এসএমএস আহ্বান করবে।

৫.৩ আবেদনপত্র/এসএমএস প্রাপ্তির পর কোন কলেজ এ নীতিমালা অনুযায়ী তার আসন সংখ্যার সমান সংখ্যক ভর্তিযোগ্য প্রার্থীদের একটি মেধাক্রম তালিকা এবং মোট আসন সংখ্যার ন্যূনতম ২৫% অপেক্ষমান মেধাক্রম তালিকা কলেজের নোটিস বোর্ড ও সংশ্লিষ্ট কলেজের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করতে হবে। মোট আসনে নির্বাচিত কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হলে কিংবা ভর্তির জন্য নির্ধারিত সময়ের মধ্যে অন্য কোন কারণে কোন আসন শূন্য হলে, উক্ত অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসারে শূন্য আসনে ভর্তি করতে হবে।

৫.৪ ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী এসএসসি বা সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র দাখিল করতে হবে।

৫.৫ ভর্তিচ্ছুক প্রার্থীগণের নিকট হতে ভর্তির জন্য আবেদন ফরমের মূল্য এবং ভর্তি ব্যবস্থাপনা ব্যয় নির্বাহের জন্য ১২০.০০(একশত বিশ) টাকা নগদে অথবা এসএমএস-এর ক্ষেত্রে টেলিটকের সিমের ব্যালেন্স থেকে কর্তন করে গ্রহণ করা যাবে। এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত অর্থের ১০% টেলিটক, ৫% সংশ্লিষ্ট বোর্ড এবং অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পাবে।

৫.৬ (১) সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় ১,০০০/- (এক হাজার)/ পৌর (জেলা সদর) এলাকায় ২,০০০/- (দুই হাজার)/ ঢাকা ব্যতিত অন্যান্য মেট্রোপলিটান এলাকায় ৩০০০/- (তিন হাজার) টাকার বেশি হবে না।

(২) ঢাকা মেট্রোপলিটান এলাকায় অবস্থিত এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অতিরিক্ত অর্থ আদায় করতে পারবে না। ঢাকা মেট্রোপলিটান এলাকায় অবস্থিত আংশিক এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং এমপিও বহির্ভূত শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের জন্য শিক্ষার্থী ভর্তির সময় মাসিক বেতন, সেশন চার্জ ও উন্নয়ন ফিসহ বাংলা মাধ্যমে সর্বোচ্চ ৯,০০০/- (নয় হাজার) টাকা এবং ইংরেজি ভার্সনে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা গ্রহণ করতে পারবে। উন্নয়ন খাতে কোন প্রতিষ্ঠান ৩,০০০/- (তিন হাজার) টাকার বেশি আদায় করতে পারবে না।

(৩) দরিদ্র, মেধাবী ও প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৫.৭ কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.৮ শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তির সময় বোর্ড কর্তৃক নিম্নোক্ত অনুমোদিত ফি গ্রহণ করতে হবে, যথা ঃ

ক্রমিক	বিবরণ	পরিমাণ
১.	রেজিস্ট্রেশন ফি	১২০.০০
২.	ক্রীড়া ফি	৩০.০০
৩.	রোভার /রেঞ্জার ফি	১৫.০০
৪.	রেড ক্রিসেন্ট ফি	২০.০০
৫.	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	৭.০০
৬.	বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি (শুধু প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয়)	২০০.০০

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে, বিলম্বে ভর্তি হলে এবং শাখা/বিষয় পরিবর্তন করলে তার নিকট হতে উপরিউক্ত ফি-এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করা যাবে, যথা ঃ

ক্রমিক	বিবরণ	পরিমাণ
১.	পাঠ বিরতি ফি	১০০.০০
২.	বিলম্ব ভর্তি ফি	৫০.০০
৩.	শাখা/বিষয় পরিবর্তন ফি	২৫.০০

৫.৯ ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপট/নম্বরপত্র ও ফি জমার রশিদের ফটোকপি ৬.২ এ উল্লিখিত সময়সূচি অনুযায়ী বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে।

কলেজ কর্তৃক শিক্ষা বোর্ডে ফি জমাদানের নিয়মঃ-

৬.১

* প্রতিষ্ঠানসমূহ নিজস্ব ওয়েবসাইটে e-SIF Page এ Log in করে অধ্যক্ষ/প্রধান শিক্ষকের মোবাইল ফোন নম্বর, শিক্ষার্থী সংখ্যা লিখে সোনালী ব্যাংকের রেজি. ও অন্যান্য ফি জমাদানের রশিদ প্রিন্ট করবে (সোনালী ব্যাংকের যেসব শাখায় সোনালী সেবা রয়েছে সেখানে রশিদ দেখিয়ে টাকা জমা দিতে হবে)।

* ফি জমাদানের জন্য বোর্ডে আসার প্রয়োজন নেই।

* বিলম্ব ফি ছাড়া রেজিস্ট্রেশন ফি জমাদানের সময় বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি জমা দিতে হবে।

* পাঠ বিরতি ফি আলাদাভাবে ডিডি'র মাধ্যমে পূর্বের ন্যায় বোর্ডের হিসাব আয় শাখায় জমা দিতে হবে।

৬.২ ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও ফি জমার রশিদের ফটোকপি বোর্ডের কলেজ শাখায় জমাদানের সময়সূচিঃ-

জেলার নাম	তারিখ
ঢাকা মহানগরী	০৩/০৮/২০১৪
ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, গাজীপুর	০৪/০৮/২০১৪
নরসিংদী, ময়মনসিংহ, কিশোরগঞ্জ	০৫/০৮/২০১৪
ফরিদপুর, জামালপুর, শেরপুর, রাজবাড়ী, নেত্রকোনা	০৬/০৮/২০১৪
টাংগাইল, শরিয়তপুর, মানিকগঞ্জ, মাদারীপুর, গোপালগঞ্জ, কমার্শিয়াল ইন্সটিটিউট	০৭/০৮/২০১৪

৬.৩ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা ও ডিডি জমাদানের সময় পরিশিষ্ট ক- তে বর্ণিত ছকটি পূরণ করে কলেজ শাখায় জমা দিতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৭। **ভর্তির আবেদন গ্রহণ, ভর্তি, ক্লাস শুরু, শাখা/বিষয় পরিবর্তন ঃ-** ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে ঃ

ক্রমিক	বিষয়	তারিখ
ক.	ভর্তির আবেদনপত্র/ এসএমএস গ্রহণের তারিখ	২৮/০৫/২০১৪ থেকে ১২/০৬/২০১৪
খ.	পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে যাদের ফল পরিবর্তন হবে তাদের জন্য ভর্তির আবেদনপত্র/ এসএমএস গ্রহণের তারিখ	১৭/০৬/২০১৪
গ.	ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের তারিখ	২২/০৬/২০১৪
ঘ.	বিলম্ব ফি ছাড়া ভর্তি ও ফি জমার শেষ তারিখ	৩০/০৬/২০১৪
ঙ.	ক্লাস শুরু করার তারিখ	০১/০৭/২০১৪
চ.	বিলম্ব ফিসহ ভর্তি ও ফি জমার শেষ তারিখ	২২/০৭/২০১৪
ছ.	ভর্তিকৃত শিক্ষার্থীগণের একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা দেয়ার তারিখ	০৩/০৮/২০১৪ থেকে ০৭/০৮/২০১৪
জ.	ব্যবহারিক ক্লাস শুরু করার তারিখ	২৭/০৭/২০১৪
ঝ.	শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর শাখা/বিষয় পরিবর্তনের ডিডি করার শেষ তারিখ	০৭/০৯/২০১৪
ঞ.	শাখা/বিষয় পরিবর্তনকারী শিক্ষার্থীর ডিডিসহ তালিকা বোর্ডে প্রেরণের শেষ তারিখ	১৪/০৯/২০১৪
ট.	পূরণকৃত eSIF submission এর তারিখ	২১/০৯/২০১৪ থেকে ২০/১০/২০১৪

৮। **কলেজ পরিবর্তন ঃ-**

৮.১ যদি কোন শিক্ষার্থী অনুচ্ছেদ ৩ এর বিধানমতে কোন কলেজে ভর্তি হওয়া সত্ত্বেও একই শিক্ষাবর্ষে অনুচ্ছেদ ৭ ক্রমিক (চ) অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত বিলম্ব ফিসহ ভর্তির শেষ তারিখের মধ্যে অন্য কোন কলেজে ভর্তির সুযোগ পান এবং উক্ত অন্য কলেজে ভর্তি হতে ইচ্ছুক হন, তাহলে উক্ত শিক্ষার্থী তার অভিভাবকের সম্মতিসহ সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি বাতিল করার জন্য আবেদন জানাতে পারবেন। উল্লিখিতরূপে আবেদন করা হলে সংশ্লিষ্ট কলেজ তার ভর্তি বাতিল পূর্বক জমাকৃত তার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ফেরত দিবে (এ ক্ষেত্রে বোর্ডের অনুমতির প্রয়োজন নেই)।

৮.২ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণিতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না। তবে শুধুমাত্র সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবী পিতা বা মাতার বদলীজনিত কারণে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলীর আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরীজীবীর সন্তানকে বদলীকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজ-পত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড জমা দিতে হবে।

৮.৩ কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট উক্ত শিক্ষার্থী বা তার অভিভাবক বা তাদের অভিভাবক যে কোন একজনের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি বা শিক্ষা প্রতিষ্ঠানে হস্তান্তর করবে না বা অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট আটক রাখতে পারবে না।

৯। **অনুমতিবিহীন কলেজে ভর্তি নিষিদ্ধ ঃ-**

৯.১ পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন কোন কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

৯.২ পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে অননুমোদিত শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

১০। **নীতিমালার প্রবর্তন ও প্রয়োগ ঃ–**

১০.১ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর সকল সরকারি ও বেসরকারি কলেজে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

১০.২ এই নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এমপিওভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-
প্রফেসর তাসলিমা বেগম
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

তারিখ ঃ ১৮.০৫.২০১৪ খ্রি.

নং - ২২৭/ক/মিশ/২০১২/১২৬(৭)

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল প্রতিষ্ঠান)।
৬. পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

১৮/৫/১৪
ড. শ্রীকান্ত কুমার চন্দ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ic@dhakaeducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

প্রতিষ্ঠানের নাম :

জেলার নাম :

কলেজ কোড : EIIN:

শাখা	বরাদ্দকৃত আসন সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যা	ফি জমাকৃত শিক্ষার্থীর সংখ্যা	ট্রান্সক্রিপ্ট সংখ্যা
বিজ্ঞান				
মানবিক				
ব্যবসায় শিক্ষা				
অন্যান্য (উল্লেখ করুন)				
সর্বমোট ট্রান্সক্রিপ্ট				

- প্রত্যেক ট্রান্সক্রিপ্টের বিপরীত পৃষ্ঠায় প্রতিষ্ঠানের সিলমোহর ও শিক্ষার্থীর শ্রেণি রোল উল্লেখ থাকতে হবে।

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল